Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৮৯/২০২১ তারিখঃ ০৩/১১/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সিইপিজেড ডিভিশন, কাস্টম হাউস, চট্টগ্রাম অফিস আদেশ নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৬/২৬৬(২), তারিখ-০৭/১০/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিইপিজেড ডিভিশন
কাস্টম হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd E-mail: customhousectg@gmail.com

নথি নং-সিইপিজেড/৪১/পলিসি/বিবিধ/২০২০-২১/(অংশ-১)/ তারিখ: ৩১/১০/২০২১ খ্রিঃ।

## "অফিস আদেশ"

বিষয়ঃ **ইপিজেডস্থ প্রতিষ্ঠানসমূহের বহিঃ বাংলাদেশ আমদানি-রপ্তানি চালানের শুল্কায়ন ও পরীক্ষণ কার্যক্রম সংক্রান্ত আদেশ।**

কাস্টম হাউস, চট্টগ্রামের সিইপিজেড ডিভিশনের আওতাধীন ইপিজেডসমূহের (সিইপিজেড, কর্ণফুলী ইপিজেড ও কোরিয়ান ইপিজেড) আমদানি-রপ্তানি পণ্যচালানের পরীক্ষণ ও শুল্কায়ন কার্যক্রমের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৬/২৬৬(২), তারিখ: ০৭/১০/২০২১খ্রিঃ এর মাধ্যমে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়-

**(ক) ইপিজেডস্থ প্রতিষ্ঠানসমূহের বহিঃ বাংলাদেশ আমদানি-রপ্তানি পণ্যের শুল্কায়ন ও পরীক্ষণসহ অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ঠ/নিকটস্থ কাস্টম হাউস এর মাধ্যমে সম্পন্ন করতে হবে;**
**(খ) ইপিজেডস্থ প্রতিষ্ঠানসমূহের স্থানীয় পর্যায়ে আমদানি-রপ্তানি পণ্যের শুল্কায়ন ও পরীক্ষণসহ অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।**

উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক নিম্নরূপ আদেশ জারি করা হলো:-

ক) **বহিঃ বাংলাদেশ হতে আমদানিকৃত পণ্যচালানের পরীক্ষণ:**
**(১) সিইপিজেড, কর্ণফুলি ইপিজেড ও কোরিয়ান ইপিজেড এর ক্ষেত্রে:**

i. সিইপিজেড ডিভিশন, কাস্টম হাউস, চট্টগ্রাম এ আমদানিকারক অথবা তার মনোনীত সিএন্ডএফ এজেন্ট কর্তৃক দাখিলকৃত বিল অব এন্ট্রি (বি/ই), ইনভয়েস, প্যাকিং লিস্ট, বি/এল, সংশ্লিষ্ট ইপিজেড কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত Import Permit (IP) ও অন্যান্য দলিলাদি শুল্কায়ন সেকশনের সহকারী রাজস্ব কর্মকর্তা প্রাথমিকভাবে যাচাই করে স্বাক্ষর প্রদানপূর্বক পরীক্ষণের জন্য রাজস্ব কর্মকর্তা (পরীক্ষণ) বরাবর প্রেরণ করবেন।

ii. আমদানিকারক কর্তৃক দাখিলকৃত স্কর্টিং এর আবেদন প্রাপ্তির পর তা রাজস্ব কর্মকর্তা (পরীক্ষণ), স্কর্টিং এর দায়িত্বপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন। দায়িত্বপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তা আবেদনের বর্ণনা অনুসারে জেটি গেইট ও ইপিজেড ভিত্তিক ০৪(চার) কপি স্কর্টিং রেকর্ড শীট **(পরিশিষ্ট-ক)** প্রস্তত করে স্বাক্ষর প্রদানপূর্বক ০২ (দুই) কপি সংশ্লিষ্ট গেইট ডিভিশনের দায়িত্বরত সহকারী রাজস্ব কর্মকর্তা, ০১ (এক) কপি সংশ্লিষ্ট ইপিজেডস্থ গেইট দায়িত্বরত কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন এবং অবশিষ্ট ০১ (এক) কপি তার দপ্তরে সংরক্ষণ করবেন। জেটি গেইট ডিভিশনের সংশ্লিষ্ট গেইটে দায়িত্বরত কর্মকর্তা আমদানিকারক বা তার মনোনীত প্রতিনিধির নিকট বন্দর হতে স্কর্টিং এর জন্য পণ্যচালান হস্তান্তরকালে স্কর্টিং রেকর্ড শীটে বর্ণিত তথ্যাবলির সাথে যাচাই ও শীটে চাহিত অন্যান্য তথ্যাদি এন্ট্রি করে গেইটে রক্ষিত বন্দর রেজিস্ট্রারে স্বাক্ষর করবেন। কার্যক্রম শেষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্কর্টিং রেকর্ড শীটের ০১ (এক) কপি স্বাক্ষরপূর্বক সিইপিজেড পরীক্ষণ সেকশনে প্রেরণ করবেন এবং অপর কপি তার দপ্তরে সংরক্ষণ করবেন।

iii. সংশ্লিষ্ট স্কর্টিং কর্মকর্তা এবং আমদানিকারক বা তার মনোনীত প্রতিনিধি পণ্যবাহী কন্টেইনার/কাভার্ডভ্যান বন্দর গেইট হতে বুঝে নিয়ে যৌথ স্কর্টিং করে সংশ্লিষ্ট ইপিজেড এর গেইটে রক্ষিত রেজিস্ট্রারে ও স্কর্টিং রেকর্ড শীটে চাহিত তথ্যাদি এন্ট্রি করে গেইট পাশ সংগ্রহপূর্বক পণ্যচালান কারখানা চত্বরে/ইপিজেডস্থ পরীক্ষণ চত্বরে নিয়ে যাবেন।

iv. পরীক্ষণ সেকশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পণ্যচালান কারখানা চত্বরে/ ইপিজেডস্থ পরীক্ষণ চত্বরে কন্টেইনারের সিল অক্ষত প্রাপ্তি সাপেক্ষে কায়িক পরীক্ষা করবেন। সিল অক্ষত না পাওয়া গেলে তাৎক্ষণিক তা সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার (EPZ) কে লিখিতভাবে অবহিত করতে করবেন। পরীক্ষণের শুরুতে সংরক্ষিত "স্কর্টিং রেকর্ড শীট"-এ বর্ণিত তথ্যের সঠিকতা যাচাই করে নিবেন। অতঃপর নির্দেশিত ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় পণ্যচালানের ৫% থেকে ১০% কায়িক পরীক্ষা সম্পন্ন করবেন।

v. কায়িক পরীক্ষা সম্পন্ন হলে পরীক্ষণ কর্মকর্তা পরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করে তা রাজস্ব কর্মকর্তা (পরীক্ষণ) এর মাধ্যমে শুল্কায়নের জন্য রাজস্ব কর্মকর্তা (শুল্কায়ন) বরাবর প্রেরণ করবেন।

vi. উপর্যুক্ত পরীক্ষণ পদ্ধতি বন্দর হতে অন-চেসিসের মাধ্যমে ডেলিভারিকৃত FCL ভুক্ত পণ্যচালানের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং LCL ভুক্ত পণ্যচালানের কায়িক পরীক্ষা জেটিতে পদস্থ কর্মকর্তা কর্তৃক জেটিতেই সম্পন্ন করতে হবে।

vii. উল্লেখ্য যে, ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় কোন পণ্যচালান স্ক্যানিং ডিভিশন কর্তৃক সাসপেক্টেড হলে বা সংরক্ষিত অতীত রেকর্ড বা অন্য বিবেচনায় ঝুঁকিপূর্ণ বিবেচিত হলে তা সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার এর নির্দেশনায় ও তত্ত্বাবধানে বন্দর হতে স্কর্টিং এর মাধ্যমে কারখানা চত্বরে/ইপিজেডস্থ পরীক্ষণ চত্বরে শতভাগ কায়িক পরীক্ষা সম্পন্ন করতে হবে।

**(২) অন্যান্য ইপিজেডসমূহে এর ক্ষেত্রে পরীক্ষণঃ**

অন্যান্য ইপিজেডের পণ্যচালানের পরীক্ষণ কার্যক্রম পূর্বের ন্যায় জেটি কাস্টমস কর্মকর্তাগণ জেটিতেই সম্পন্ন করবেন।

খ) **বহিঃ বাংলাদেশ হতে আমদানি পণ্যচালানের শুল্কায়ন:**

বহিঃ বাংলাদেশ হতে আমদানি পণ্যচালানের শুল্কায়ণ কার্যক্রম পূর্বের ন্যায় সিইপিজেড ডিভিশনেই সম্পন্ন হবে। সেক্ষেত্রে BEPZA/ সংশ্লিষ্ট ইপিজেড কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত Import Permit (IP) যাচাই করে যথাযথ পাওয়া গেলে শুল্কায়ন সম্পন্নপূর্বক বি/ই সংশ্লিষ্ট দলিলাদি শাখায় সংরক্ষণ করে আউটপাশ সম্পন্ন করবেন।

গ) **বাংলাদেশ হতে বহিঃ বাংলাদেশে রপ্তানি:**

**(১) সিইপিজেড, কর্ণফুলি ইপিজেড ও কোরিয়ান ইপিজেড এর ক্ষেত্রে:**

i. সিইপিজেড ডিভিশন, কাস্টম হাউস, চট্টগ্রাম এ রপ্তানিকারক অথবা তার মনোনীত সিএন্ডএফ এজেন্ট কর্তৃক দাখিলকৃত বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, বি/এল, Export Permit (EP), EXP ও অন্যান্য দলিলাদি যাচাই করে যথাযথ পাওয়া গেলে সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সম্পন্ন করবেন এবং রাজস্ব কর্মকর্তা (শুল্কায়ন) ASYCUDA World System এ Re-Route to Green করে পরীক্ষণের নিমিত্তে তা রাজস্ব কর্মকর্তা(পরীক্ষণ) বরাবর প্রেরণ করবেন।

ii. রাজস্ব কর্মকর্তা (পরীক্ষণ) পণ্যচালান কায়িক পরীক্ষার নিমিত্তে একজন সহকারী রাজস্ব কর্মকর্তাকে মনোনীত করবেন। দায়িত্বপ্রাপ্ত পরীক্ষণ কর্মকর্তা প্রতিষ্ঠান চত্বরে/ইপিজেডস্থ পরীক্ষণ চত্বরে গিয়ে ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় ২% থেকে ৫% পণ্যের কায়িক পরীক্ষা সম্পন্ন করবেন। কায়িক পরীক্ষায় পণ্য সঠিক পাওয়া গেলে পরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করে রাজস্ব কর্মকর্তা (পরীক্ষণ) এর মাধ্যমে পণ্যচালানের এক্স-বন্ডসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইপিজেড বন্ড ডিভিশনে প্রেরণ করবেন। কায়িক পরীক্ষায় মিথ্যা ঘোষণা পাওয়া গেলে তা সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার (EPZ) কে লিখিতভাবে অবহিত করবেন।

**(২) অন্যান্য ইপিজেডসমূহের বহিঃ বাংলাদেশ রপ্তানি:**

i. অন্যান্য ইপিজেডের পণ্যচালান রপ্তানির ক্ষেত্রে শুল্কায়ন কার্যক্রম একই পদ্ধতিতে সম্পন্ন হবে এবং পণ্য পরীক্ষণ কার্যক্রম পূর্বের ন্যায় সংশ্লিষ্ট অফডক কাস্টমস কর্মকর্তাগণ সম্পন্ন করবেন।

ঘ) **কর্ম বন্টন ও দায়িত্ব প্রদান সংক্রান্ত:**

১. জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সিইপিজেড ডিভিশনের সার্বিক কার্যক্রম ০২ (দুই) টি সেকশনে যথা: ক. শুল্কায়ন সেকশন ও খ. পরীক্ষণ সেকশনে বিভক্ত হবে।

২. সিইপিজেড ডিভিশনে পদস্থ/ন্যস্ত সেকশন ০২ (দুই) টির রাজস্ব কর্মকর্তাদের অভ্যন্তরীণ বদলী/পদায়ন সংশ্লিষ্ট অতিঃ/যুগ্ম কমিশনার করবেন।

৩. সিইপিজেড ডিভিশনে পদস্থ/ন্যস্ত সহকারী রাজস্ব কর্মকর্তাদের সিইপিজেড, কর্ণফুলি ইপিজেড ও কোরিয়ান ইপিজেড ভিত্তিক আমদানি পরীক্ষণ, রপ্তানি পরীক্ষণ, স্কর্টিং কর্মকর্তা মনোনয়ন রোস্টার ও শুল্কায়ন সেকশনে অভ্যন্তরীণ বদলী/পদায়ন EPZ ডিভিশনের সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার করবেন।

৪. পদস্থ সহকারী রাজস্ব কর্মকর্তাদের মধ্যে সুনির্দিষ্ট কর্ম বন্টন সেকশনের দায়িত্ব প্রাপ্ত রাজস্ব কর্মকর্তা করবেন।

ঙ) **সিইপিজেড ডিভিশনে প্রযোজ্য অন্যান্য কার্যাবলী:**

১. সিইপিজেড ডিভিশনের বহি: বাংলাদেশ আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট শুল্কায়ন ও পরীক্ষণ সংক্রান্ত প্রযোজ্য অন্যান্য কার্যাবলি পূর্বের ন্যায় একই পদ্ধতিতে সম্পন্ন হবে। সেক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে ডিভিশনের সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার Trade Facilitation ও Risk Management কে বিবেচনায় রেখে সিদ্ধান্ত নিবেন। প্রয়োজন হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করবেন।

চ) এই আদেশের কোন বিষয়াদি 'দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর অধীন প্রণীত বিধি-বিধান অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন আদেশের সঙ্গে সঙ্গতিপূর্ণ না হলে এ্যাক্টের বিধান, সংশ্লিষ্ট বিধি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ প্রাধান্য পাবে।

ছ) The Customs Act, 1969 এর Section-219(B) এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারী করা হলো যা ০১/১১/২০২১খ্রি: তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফখরুল আলম)
কমিশনার অব কাস্টমস

(পরিশিষ্ট-ক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিইপিজেড ডিভিশন, কাস্টম হাউস, চট্টগ্রাম।

## স্কর্টিং রেকর্ড শীট:

গেইট নং :

(ইপিজেডস্থ পণ্য চালানের ইপিজেড এলাকায় কায়িক পরীক্ষার নিমিত্তে)

ইপিজেডের নাম :

তারিখ :

| স্কর্টিং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পূরণীয়: | | | | | | | | সংশ্লিষ্ট গেইটে দায়িত্বরত কর্মকর্তা কর্তৃক পূরণীয়: | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | স্কর্টিং এ নিযুক্ত আমদানিকারকের প্রতিনিধির তথ্য | | |
| ক্রমিক নং | বি/ই নং ও তারিখ | আমদানিকারকের নাম | সিএন্ডএফ এজেন্ট | কন্টেইনার নং ও সাইজ | কন্টেইনারের সিল নম্বর | কন্টেইনারের পরিবর্তিত সিল নম্বর (যদি থাকে) | পরিবাহিত ট্রেইলার নম্বর | বন্দর হতে কন্টেইনার গ্রহণের সময়: | নাম ও পদবী: | মোবাইল নং | স্বাক্ষর |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

স্কর্টিং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সিল

সংশ্লিষ্ট গেইটে দায়িত্বরত কর্মকর্তার স্বাক্ষর ও সিল :